# এইচ এস সি পরীক্ষা ২০১৬এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)**

বিষয় কোড : | ২ | ৬ | ৮ |

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান: ৬০

দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।

**১.▶** বাহাউদ্দিন নামের জনৈক সুলতান ২৫ বছরে ১৫ বার 'খ' নামক অঞ্চলে অভিযান পরিচালনা করেন এবং প্রতিটি অভিযানে জয়লাভ করেন। এসব অভিযানে অর্থ সংগ্রহ ছাড়া আর কোন ফলাফল ছিল না।

ক. রাজা দাহিরের পরিচয় দাও। ১

খ. শাহনামা বলতে কী বোঝায়? ২

গ. বাহাউদ্দিনের 'খ' নামক অঞ্চল অভিযানের সাথে সুলতান মাহমুদের ভারত অভিযানের মূল সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বাহাউদ্দিনের 'খ' অঞ্চলের অভিযানের ফলাফলের সাথে তোমার পঠিত সুলতান মাহমুদের অভিযানের ফলাফল পুরাপুরি এক ছিল না" — ব্যাখ্যা কর। ৪

**২.▶** আলগাজ ভাইদের ষড়যন্ত্রের কারণে 'D' প্রদেশের শাসনকর্তা দাস হিসেবে জীবন শুরু করেন। তার বুদ্ধি, নির্ভীকতা, দূরদৃষ্টির কারণে অল্পদিনের মধ্যেই তিনি প্রভুর মনোরঞ্জনে সক্ষম হন এবং প্রভু কন্যাকে বিবাহ করার সৌভাগ্য লাভ করেন এবং রাজপদে অভিষিক্ত হন। প্রচণ্ড সদিচ্ছা, আন্তরিকতা থাকা সত্ত্বেও বার বার চেষ্টা করেও তিনি তার বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা হতে ব্যর্থ হন।

ক. সুলতানা রাজিয়ে কে ছিলেন? ১

খ. কুতুব মিনার এর পরিচয় দাও। ২

গ. উদ্দীপকে বর্ণিত আলগাজের জীবনের ঘটনার সাথে তোমার পঠিত দিল্লি সালতানাতের কোন শাসকের জীবনী সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. আলগাজের তুলনায় তোমার পঠিত শাসকের কৃতিত্ব কোন অর্থে অধিক প্রশংসার দাবিদার? বিশ্লেষণ কর। ৪

**৩.▶** ক্ষমতায় এসেই 'X' দলের সরকার তাদের নির্বাচনী ইসতেহার অনুযায়ী কৃষকদের ঋণ দান হতে মুক্ত করেন এবং ভূমিকরের পরিমাণও হ্রাস করেন। এই সরকার কুরআন ও সুন্নাহ অনুযায়ী ৪ প্রকার কর ধার্য করেন। তবে কৃষি ক্ষেত্রে এ সরকার কোন অবদান রাখতে ব্যর্থ হন।

ক. বলবনকে কেন 'উলুঘ খান' উপাধি দেওয়া হয়? ১

খ. রাজতন্ত্রের মর্যাদা বৃদ্ধির জন্য বলবেন কী ব্যবস্থা নেন? ২

গ. উদ্দীপকটি সুলতান ফিরোজ শাহের রাজস্ব ব্যবস্থার সাথে কতটুকু সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে ফিরোজ শাহের কৃষি বিষয়ক কর্মকাণ্ডের কোন মিল নেই — বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪.▶ হাসান ও হোসেন দুই ভাই। বাবার মৃত্যুর পর তাদের স্টার গার্মেন্টিসের মালিকানা নিয়ে দুই ভাইয়ের মধ্যে দ্বন্দ্ব বাধলে বড় ভাই হাসান গার্মেন্টিস পরিচালনার দায়িত্ব গ্রহণ করে এবং ছোট ভাই হোসেন সংসার দেখাশোনার দায়িত্ব নেয়। গার্মেন্টিসের আয় থেকে হোসেনকে সংসার পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থ প্রদান না করায় সংসারে বিশৃঙ্খলা দেখা দেয়।

ক. মোহামেডান লিটারারি সোসাইটি প্রতিষ্ঠা করেন কে? ১

খ. মুসলমানদের মধ্যে রাজনৈতিক সচেতনতা সৃষ্টিতে সৈয়দ আমির আলির ভূমিকা কেমন ছিল? ২

গ. উদ্দীপকে ক্ষমতা ভাগাভাগির সাথে তোমার পাঠ্য বইয়ের কোন ঘটনার মিল খুজে পাওয়া যায় ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত ঘটনা বাংলার অর্থনৈতিক মেরুদণ্ড ভেঙে দিয়েছিল? উত্তরের সপক্ষে যক্তি দাও। ৪

৫.▶ 'ক' ইউনিয়নের চেয়ারম্যান তার ইউনিয়নের জন্য বরাদ্দকৃত অর্থের বেশিরভাগই তার নিজ ওয়ার্ডে ব্যয় করেন। ফলে ইউনিয়নের অন্য ওয়ার্ডের জনগণ হাসান সাহেবের নেতৃত্বে তার বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলে। চেয়ারম্যান হাসান সাহেবের মুখ বন্ধ করার জন্য তাকে বিভিন্ন মামলার আসামি করেন। গ্রেফতার করা হয় হাসান সাহেবকে। এ ঘটনায় আন্দোলন আরও বেগবান হয়। পরবর্তীকালে চেয়ারম্যান বাধ্য হন হাসান সাহেবের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারে। হাসান সাহেব মুক্তিলাভ করে জনগণের মাঝে ফিরে আসেন।

ক. ঐতিহাসিক ৬ দফা কে উত্থাপন করেন? ১

খ. পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের রাজনৈতিক বৈষম্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আন্দোলনের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন আন্দোলনের মিল রয়েছে? আলোচনা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের ফলাফল ও প্রভাব বিশ্লেষণ কর। ৪

৬.▶ আফ্রিকা মহাদেশে গণতান্ত্রিক অগ্রযাত্রায় নেলসন ম্যান্ডেলা একটি স্মরণীয় নাম। দয়া, সরলতা, উদারতা বুদ্ধি, প্রখর বক্তব্য তাকে বিশ্বের দরবারে এক মহানায়কের চরিত্রে প্রতিষ্ঠিত করেছে। রাজনীতির ক্ষেত্রে তিনি বিশ্বের অনন্য প্রতিভার স্বাক্ষর রেখেছেন। এভাবে একজন মেহনতি মানুষ নিজের প্রতিভায় দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট পদ লাভে সমর্থ হয়েছিলেন। তিনি স্বৈরাচারি শাসকের শোষণের হাত থেকে মানুষকে মুক্তি দিয়েছেন। পৃথিবীর গণতন্ত্র ও মুক্তিকামী মানুষের কাছে আজও তিনি অমর হয়ে আছেন।

ক. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রীর নাম কী ছিল? ১

খ. ১৯৭১ সালে পাকিস্তানী বাহিনীর আত্মসমর্পণের দলিল কোথায়, কোন তারিখে স্বাক্ষরিত হয়েছিল? আলোচনা কর। ২

Teachingbd.com

গ. উদ্দীপকের বর্ণিত নেলসন ম্যান্ডেলার চরিত্র ও কর্মকাণ্ডের সঙ্গে তোমার পঠিত বিষয়ের কার চরিত্র ও কর্মকাণ্ডের মিল খুঁজে পাওয়া যায়? ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত নেতার বলিষ্ঠ ও আপোশহীন নেতৃত্বে আমরা স্বাধীনতা লাভ করেছি — মূল্যায়ন কর। ৪

**৭.** ▶ শাহনেওয়াজ ছিলেন একজন সম্রাট এবং সুন্নি মুসলমান। তিনি সঠিকভাবে ধর্ম পালনসহ শরিয়তের অনুশাসন মেনে চলতেন। তিনি সকল ধর্মের সমন্বয়ের একটি ধর্মীয় নীতি প্রবর্তন করেন। তিনি রাজ্য শাসনে হিন্দুদের সহযোগিতার প্রয়োজনীয়তাও উপলব্ধি করেছিলেন। বিধবা বিবাহ, বহুবিবাহ রোধ, মাত্রাধিক যৌতুক প্রথা নিন্দনীয়-এসব তার ধর্মীয় সংস্কারের অংশ। তিনি ভক্তি আন্দোলন নামে একটি আন্দোলনেরও সূচনা করেছিলেন।

ক. বঙ্গ তথা বাংলাদেশে মুঘল শাসন প্রতিষ্ঠিত হয় কবে? ১

খ. সম্রাট আকবরের মনসবদারি প্রথার দোষগুণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ব্যক্তির সাথে দীন-ই-ইলাহী মতবাদের সম্পর্ক নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকের শাহনেওয়াজের ধর্মীয় নীতিগুলো পাঠ্যবইয়ের কোন সম্রাটের নীতির অংশ বলে তুমি মনে কর? মতামত সপক্ষে যুক্তি দাও। ৪

**৮.** ▶ সিয়াম সাহেব একটি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি শারীরিকভাবে অসুস্থ হলে কোম্পানির দায়িত্বপ্রাপ্তি নিয়ে তার চার পুত্রের মধ্যে দ্বন্দ্ব শুরু হয়। এক ভাই অন্য ভাইয়ের প্রতি ঈর্ষাপরায়ণ হয়ে পিতার কান বিষাক্ত ও মন ভারাক্রান্ত করে তোলে। পরবর্তীকালে ভ্রাতৃদ্বন্দ্ব প্রকট আকার ধারণ করে রক্তক্ষয়ী সংঘর্ষে রূপ নেয়।

ক. হুমায়ুনের পিতার নাম কী? ১

খ. 'তুযুক-ই-বাবর' সম্পর্কে সংক্ষেপে লেখ। ২

গ. সিয়াম সাহেবের কোম্পানির দ্বন্দ্ব কোন সম্রাটের আমলের উত্তরাধিকারে দ্বন্দ্বের প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দ্বন্দ্বে সম্রাটের কোন পুত্র সফলতা লাভ করেছিল এবং কেন? ৪

**৯.** ▶ মোস্তফা সাহেব একটি বহুমুখী কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। কোম্পানির বেশির ভাগ কর্মকর্তা-কর্মচারী ছিলেন বাঙালি। কিন্তু মালিকপক্ষ ছিল ইংরেজ। অফিসের এক অনুষ্ঠানে মোস্তফা সাহেবকে ইংরেজিতে বক্তব্য দেওয়ার প্রস্তাবে মোস্তফা সাহেব প্রতিবাদ করে বলেন, আমি বাংলা ভাষাতেই বক্তব্য দিতে চাই। কিন্তু মালিকপক্ষ তার প্রস্তাব সমর্থন না করে তাকে ইংরেজি ভাষায় বক্তব্য দিতে বাধ্য করে।

ক. জাতিসংঘে সর্বপ্রথম কে বাংলা ভাষায় বক্তব্য প্রদান করেন? ১

খ. ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি ঢাকায় কী ঘটেছিল — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মোস্তফা সাহেবের মনোভাবের সাথে কোন আন্দোলনের প্রভাব লক্ষ্য করা যায় — সংক্ষেপে লিখ। ৩

ঘ. তুমি কি মনে কর, মালিকপক্ষের এ ধরণের আচরণ বাঙালি জাতিকে মুক্তিযুদ্ধের প্রেরণা জোগায়? যুক্তি দাও। ৪

http://teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য় পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২৬৮

সময় : ৪০ মিনিট — পূর্ণমান: ৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

১. তাজমহলের স্থপতি কে?
ⓚ ওস্তাদ ঈশা খাঁ ⓚ খুররম
ⓖ মুসা খাঁন ⓖ চাঁদ রায়

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:
সুলতান 'ক' ভারতবর্ষে মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা। ১১৯১ খ্রিষ্টাব্দে তার সাথে এক হিন্দু শাসকের যুদ্ধ হয়। 'ক' সুলতান পরাজয় বরণ করেন। সুলতানের সেনাবাহিনীতে আফগান, খিলজি এবং খোয়ারাসানি সৈন্য ছিল।

২. উদ্দীপকে কোন যুদ্ধের কথা বলা হয়েছে?
ⓚ পানিপথের প্রথম যুদ্ধ ⓚ খানুয়ার যুদ্ধ
ⓖ তরাইনের প্রথম যুদ্ধ ⓖ তরাইনের দ্বিতীয় যুদ্ধ

৩. উদ্দীপকের সুলতানের সাথে তোমার পঠিত কোন সুলতানের সামঞ্জস্য আছে?
ⓚ মুহাম্মদ ঘুরী
ⓚ সুলতান মাহমুদ
ⓖ ইখতিয়ার উদ্দীন মুহাম্মদ বখতিয়ার খলজি
ⓖ মুহাম্মদ বিন কাসিম

৪. শাহজাহান নির্মাণ করেন—
i. শীশমহল
ii. রংমহল
iii. জুমা মসজিদ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৫. সুলতান মাহমুদের ভারত অভিযানকালে মুলতানের রাজা কে ছিলেন?
ⓚ আবুল ফাতেহ দাউদ ⓚ অজয়পাল
ⓖ সুখপাল ⓖ জয়পাল

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:
আন্না তার বাবার সাথে বেড়াতে গিয়ে একটি রোড় দেখে বিমোহিত হলো। রোডটির উভয় পাশে রয়েছে ছায়াদানকারি বৃক্ষ ও সরাইখানা। আন্নার বাবা তাকে জানাল, এই রোডটিকে সড়ই-ই-আযম বলা হতো।

৬. উদ্দীপকে যে রোড সম্পর্কে বলা হয়েছে—
ⓚ গ্র্যান্ড ট্রাঙ্ক রোড ⓚ তাজমহল রোড
ⓖ নিকুঞ্জ রোড ⓖ মহামায়া রোড

৭. রোডটির উভয় পাশে ছায়াদানকারি বৃক্ষ, সরাইখানা নির্মাণের যৌক্তিক কারণ—
ⓚ রাষ্ট্রের সুবিধার্থে ⓚ সরকারের সুবিধার্থে
ⓖ পথিকের সুবিধার্থে ⓖ নৃপতির সুবিধার্থে

৮. 'শাহনামা রচনা করে সুলতান মাহমুদের নামকে অমর করে রাখেন কে?
ⓚ আল বেরুনি ⓚ বায়হাকি
ⓖ ফেরদৌসি ⓖ আনসারি

৯. ফতোয়া-ই-আলমগীর প্রণীত হয় কার পৃষ্ঠপোষকতায়?
ⓚ আকবরের ⓚ শাহজাহানের
ⓖ হুমায়ুনের ⓖ আরঙ্গজেবের

১০. সোনারগাঁও এর জমিদার ছিলেন কে?
ⓚ প্রতাপাদিত্য ⓚ কেদার রায়
ⓖ ঈশা খান ⓖ প্রমথ রায়

১১. বাংলায় সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন কে?
ⓚ ইলিয়াস শাহ ⓚ বখতিয়ার খলজি
ⓖ সুলতান মাহমুদ ⓖ ইওয়াজ খলজি

১২. ইলতুৎমিশ কাকে উত্তরাধিকারি মনোনীত করে যান?
ⓚ নাসিরউদ্দিন মাহমুদকে
ⓚ সুলতানা রাজিয়াকে
ⓖ মুইজ উদ্দিন বাহরামকে
ⓖ নাসিরউদ্দীনকে

১৩. গ্র্যান্ড ট্রাঙ্ক রোড নির্মাণ করেন কে?
ⓚ শেরশাহ ⓚ খিজির খান
ⓖ হুসেন শাহ ⓖ নওয়াজিশ খান

১৪. আলাউদ্দিনের সময়ে প্রতিমণ চালের মূল্য কত ছিল?
ⓚ ৫ জিতল ⓚ ৬ জিতল
ⓖ ৭ জিতল ⓖ ৮ জিতল

১৫. হাজার দিনারী বলা হতো কাকে?
ⓚ খসরু মালিককে ⓚ উলুঘ খানকে
ⓖ মালিক কাফুরকে ⓖ জাফর খানকে

১৬. মুহম্মদ বিন তুঘলক কোথায় রাজধানী স্থানান্তর করেন?
ⓚ কাশ্মীরে ⓚ গুজরাটে
ⓖ দেবগিরিতে ⓖ পাঞ্জাবে

১৭. 'সফরনামা' গ্রন্থটি কার?
ⓚ ইবনে বতুতার ⓚ আমীর খসরুর
ⓖ জিয়াউদ্দিন বারানীর ⓖ মিনহাজ-উস-সিরাজের

১৮. জায়গিরদার প্রথার পুনঃপ্রবর্তন করেন কে?
ⓚ গিয়াসউদ্দিন তুঘলক ⓚ মুহম্মদ-বিন-তুঘলক
ⓖ ফিরোজ শাহ তুঘলক ⓖ মুহম্মদ-বিন-কাসিম

১৯. ফিরোজ শাহ তুঘলক 'দিওয়ান-ই-বন্দেগান' নামক নতুন বিভাগ খোলেন কেন?
ⓚ দারিদ্র্য বিমোচনের জন্য
ⓚ বিধবা বিবাহের জন্য
ⓖ ক্রীতদাসদের রক্ষণাবেক্ষণের জন্য
ⓖ বেকার সমস্যা সমাধানের জন্য

২০. ফিরোজ শাহের পৃষ্ঠপোষকতায় রচিত হয়—
i. তারিখ-ই-ফিরোজ শাহী
ii. ফাতুহাত-ই-ফিরোজ শাহী
iii. দালাইল-ই-ফিরোজ শাহী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

Teachingbd.com

২১. দিল্লীর সালতানাতের পতনের জন্য দায়ী ছিল ফিরোজ শাহ তুঘলকের—
i. জায়গির প্রথার পুনঃপ্রবর্তন
ii. উত্তরাধিকার সূত্রে সরকারি পদ লাভ
iii. ক্রীতদাস প্রথার প্রবর্তন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. হুমায়ুন অর্থ কী?
ক সৌভাগ্য খ ভাগ্যবান
গ বলবান ঘ সাহসী

২৩. তুযুক-ই-বাবর কী ধরনের গ্রন্থ?
ক ইতিহাস গ্রন্থ খ আত্মজীবনীমূলক গ্রন্থ
গ কাব্যগ্রন্থ ঘ ধর্মীয় গ্রন্থ

২৪. শাসনকার্য পরিচালনার জন্যে শেরশাহ সমগ্র সাম্রাজ্যকে কয়টি সরকারে বিভক্ত করেন?
ক ৪৩টি খ ৪৫টি
গ ৪৭টি ঘ ৪৯টি

২৫. সড়ক-ই-আযম বা গ্রান্ড ট্রাঙ্ক রোড কে নির্মাণ করেছিলেন?
ক হুমায়ুন খ জাহাঙ্গীর
গ মির্জা আজম ঘ শেরশাহ

২৬. পলাশী যুদ্ধ হয় কত সালে?
ক ১৭৫৬ সালে খ ১৭৫৭ সালে
গ ১৭৫৮ সালে ঘ ১৭৫৯ সালে

২৭. 'উর্দু এবং উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা'— ঘোষণাটি কার?
ক আইয়ুব খানের
খ মোহাম্মদ আলী জিন্নাহর
গ জেনারেল ইয়াহিয়ার
ঘ খাজা নাজিমউদ্দিনের

২৮. আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামি কে ছিলেন?
ক শেরে বাংলা এ কে ফজলুল হক
খ মওলানা ভাসানী
গ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ঘ তোফায়েল আহমেদ

২৯. ১৯৭০ সালে পূর্ব পাকিস্তান পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ মোট কয়টি আসন লাভ করেন?
ক ১৬৭টি খ ১৬৯টি
গ ২৮৮টি ঘ ২৯৮টি

৩০. পাকবাহিনী কেন বুদ্ধিজীবীদের হত্যা করে?
ক ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য
খ বাঙালি জাতিকে মেধাশূন্য করার জন্য
গ শাসকগোষ্ঠীকে সুরক্ষিত করার জন্য
ঘ মুসলিম জাতিকে মেধাশূন্য করার জন্য

৩১. পলাশীর যুদ্ধে নবাব সিরাজ-উদ-দৌলার সেনাপতি কে ছিলেন?
ক মীর জাফর খ মীর মদন
গ মোহনলাল ঘ মিরন

৩২. বঙ্গভঙ্গ হয় কত সালে?
ক ১৯০৫ সালে খ ১৯০৬ সালে
গ ১৯০৭ সালে ঘ ১৯১১ সালে

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও:
মি: শফিক দীর্ঘদিন সৌদি আরব থাকার পর দেশে ফিরে সংস্কার আন্দোলন শুরু করে। পরবর্তীকালে এ আন্দোলনকে রাজনৈতিক রূপ দান করে রফিক হায়দার।

৩৩. মি: শফিক চরিত্রের সাদৃশ্য নিচের কোন ব্যক্তি?
ক তিতুমীর খ শরীয়তউল্লাহ
গ দুদু মিয়া ঘ শাহ ওয়ালিউল্লাহ

৩৪. রফিক হায়দার চরিত্রের সাথে সাদৃশ্য রয়েছে নিচের কোন ব্যক্তির?
ক দুদু মিয়া খ বাদশাহ মিয়া
গ তিতুমীর ঘ নয়া মিয়া

৩৫. ১৯৪০ সালের লাহোর প্রস্তাব উত্থাপন করেন কে?
ক শেরেবাংলা এ কে ফজলুল হক
খ কায়েদে আজম মুহাম্মদ আলী জিন্নাহ
গ মাওলানা মোহাম্মদ আলী
ঘ মাওলানা শরিফ উদ-দীন

৩৬. সিপাহি বিদ্রোহ কত সালে অনুষ্ঠিত হয়?
ক ১৬৫৭ সালে খ ১৭৫৭ সালে
গ ১৮৫৭ সালে ঘ ১৯৫৭ সালে

৩৭. 'তমুদ্দন মজলিশ' কার নেতৃত্বে গঠিত হয়?
ক ড. মুহাম্মদ শহীদুল্লাহ
খ ড. মুহাম্মদ এনামুল হকের
গ কামরুদ্দীন আহমেদের
ঘ অধ্যাপক আবুল কাশেমের

৩৮. ৬ দফা দাবি কোথায় উত্থাপন করা হয়?
ক লাহোরে খ দিল্লীতে
গ করাচিতে ঘ কলকাতায়

৩৯. Grandfather সুলভ আচরণ ছিল কোন শাসকের?
ক বলবন
খ দিল্লীতে মুঃ বিন তুঘলক
গ ফিরোজ শাহ
ঘ কলকাতায় আলাউদ্দিন খলজি

৪০. মুক্তিযুদ্ধের সময় ৬ নম্বর সেক্টরের অঞ্চল কোনগুলো?
ক রংপুর, দিনাজপুর, ফরিদপুর
খ কুষ্টিয়া, যশোর, ফরিদপুর
গ বরিশাল, পটুয়াখালী, সাতক্ষীরা
ঘ বগুড়া, রাজশাহী, পাবনা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | গ |
| ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | ক |

Teachingbd.com